

বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েবসাইটঃ [www.bb.org.bd](http://www.bb.org.bd)

০৬ আশ্বিন, ১৪২১ বঙ্গাব্দ।

এফইআইডি সার্কুলার পত্র নং : ০৬/২০১৪

তারিখঃ-----

২১ সেপ্টেম্বর, ২০১৪ খ্রিস্টাব্দ।

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের

প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ও ১৮বি ধারার আওতায় অনুমোদন গ্রহণ সংক্রান্ত আবেদনপত্র ও অন্যান্য দলিলাদি অন-লাইনে দাখিলের বিষয়ে জারীকৃত সার্কুলার পত্রসমূহে উল্লিখিত নির্ধারিত সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ০৩/০৪/২০১৩, ০৮/০৪/২০১৪ ও ৩০/০৬/২০১৪ তারিখের এফইআইডি সার্কুলার পত্র নং যথাক্রমেঃ ০৫/২০১৩, ০২/২০১৪ ও ০৪/২০১৪ এর প্রতি সংশ্লিষ্ট সকল পক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

নিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক অনিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে স্থানীয় এজেন্ট হিসেবে কার্যক্রম পরিচালনার জন্য বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ধারার আওতায় বাংলাদেশ ব্যাংক হতে অনুমতি গ্রহণ, নবায়ন ও নতুন প্রিন্সিপাল অন্তর্ভুক্তির লক্ষ্যে অন-লাইন ও হার্ডকপি উভয় মাধ্যমে আবেদনপত্র ও অন্যান্য দলিলাদি দাখিলের সময়সীমা ০৩/০৪/২০১৩ ও ০৮/০৪/২০১৪ তারিখের এফইআইডি সার্কুলার পত্র নং যথাক্রমেঃ ০৫/২০১৩ ও ০২/২০১৪ এর মাধ্যমে ০২/১০/২০১৪ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়।

এছাড়া অনিবাসী প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে শাখা/লিয়াজেঁ/প্রতিনিধি অফিস স্থাপনের জন্য উপর্যুক্ত আইনের ১৮বি ধারার আওতায় বাংলাদেশ ব্যাংক হতে অনুমোদন গ্রহণ ও নবায়নের লক্ষ্যে অন-লাইন ও হার্ডকপি উভয় মাধ্যমে আবেদনপত্র ও অন্যান্য দলিলাদি দাখিলের সময়সীমা ৩০/০৬/২০১৪ তারিখের এফইআইডি সার্কুলার পত্র নং-০৪/২০১৪ এর মাধ্যমে ০২/১০/২০১৪ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়।

এক্ষণে, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ও ১৮বি ধারার আওতায় অনুমোদন গ্রহণের জন্য বাণিজ্যিক ব্যাংকসমূহ কর্তৃক আবেদনপত্র ও অন্যান্য দলিলাদি অন-লাইন ও হার্ডকপিতে দাখিলের লক্ষ্যে উপরোল্লিখিত সার্কুলারদ্বয়ে বর্ণিত সময়সীমা বৃদ্ধিকরতঃ আগামী ৩১/১২/২০১৪ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ

(মোঃ আজিজুল হক)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৫১